

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩২৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্যবহার এবং আত্মীয়তা অক্ষুণ্ণ রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ _ (40)

আরবী

وَعَن زَينَبَ التَّقَفِيَّةِ امرَأَةٍ عَبدِ اللهِ بنِ مَسعُودِ رَضِيَ اللهُ عَنهُ وَعَنهَا، قَالَتْ : قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «تَصدَّقْنَ يَا مَعْشَرَ النِسَاءِ وَلَوْ مِنْ حُلِيّكُنَّ»، قَالَتْ : فَرَجَعْتُ إِلَى عَبدِ اللهِ بنِ مَسعُود، فَقُلتُ لَهُ : إِنَّكَ رَجُلٌ خَفِيفُ ذَاتِ حَلِيّكُنَّ»، قَالَتْ : فَرَجَعْتُ إِلَى عَبدِ اللهِ بنِ مَسعُود، فَقُلتُ لَهُ : إِنَّكَ رَجُلٌ خَفِيفُ ذَاتِ اللّهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم قَدْ أَمْرَنَا بِالصَّدَقَةِ فَأَتِهِ، فَاسَأَلهُ، فإنْ كَانَ ذلِكَ يُجُزِئُ عَنِي وَإِلاَّ صَرَفْتُهَا إِلَى غَيْرِكُمْ . فَقَالَ عَبدُ اللهِ : بَلِ الْتَيهِ أَنت ، فانْطَلَقتُ، فَإِذَا امْرأَةٌ مِنَ الأَنْصَارِ بِبَابِ رسولِ اللهِ صلى الله عليه وسلم عَلهُ الله عليه وسلم عَلهُ الله عليه وسلم، عَدْ أُلْقِيَتْ عَلَيهِ المَهَابَةُ، فَخَرجَ عَلَينَا بِلاَلٌ، فَقُلْنَا لَهُ : الله صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، عَلَيْ أَنْواجِهِمَا وَعَلَى أَيْتَامِ فَا غُبُرُهُ مَنْ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، فَاخُبْرُهُ أَنَّ امْرَأَتَيْنِ بِالبَابِ تَسَالاتِكَ : أَتُجْزِئُ الصَّدَقَةُ عَنْهُمَا عَلَى أَزُواجِهِمَا وَعَلَى أَيْتَامِ وسلم، فَسَأَلهُ، فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم، على الله عليه وسلم: «مَنْ فَي حُجُورِهِما ؟، وَلاَ تُخْرِمُهُ مَنْ نَحْنُ، فَدَخلَ بَلاَلُ عَلَى رَسُولُ الله صلى الله عليه وسلم: «مَنْ هُمَا ؟»قَالَ : امْرَأَةٌ مِنَ الأَنْصَارِ وَزَيْنَبُ . فَقَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: «مَنْ أَمْرَاهُ عَبْدِ الله، فَقَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: «لَهُمَا أَجْرُ المَرَاةَ وَاجُرُ الصَّدَقَةِ». مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

১৫/৩৩১। আব্দুল্লাহ ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু 'আনহু-এর স্ত্রী যায়নাব রাদিয়াল্লাহু □আনহা কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''হে মহিলাগণ! তোমরা সাদকাহ কর; যদিও তোমাদের অলংকার থেকে হয়।'' যায়নাব রাদিয়াল্লাহু □আনহা বলেন, সুতরাং আমি (আমার স্বামী) আব্দুল্লাহ ইবনু



মাসউদ রাদিয়াল্লাহু 'আনহু-এর নিকট এসে বললাম, 'আপনি গরীব মানুষ, আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সাদকাহ করার নির্দেশ দিয়েছেন।

অতএব আপনি তাঁর নিকট গিয়ে এ কথা জেনে আসুন যে, (আমি যে, আপনার উপর ও আমার তত্ত্বাবধানে প্রতিপালিত এতীমদের উপর খরচ করি তা) আমার পক্ষ থেকে সাদকাহ হিসাবে যথেষ্ট হবে কি? নাকি আপনাদেরকে বাদ দিয়ে আমি অন্যকে দান করব?' ইবনু মাসউদ রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'বরং তুমিই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে জেনে এসো।' সুতরাং আমি তাঁর নিকট গেলাম। দেখলাম, তাঁর দরজায় আরও একজন আনসারী মহিলা দাঁড়িয়ে আছে, তার প্রয়োজনও আমার প্রয়োজনের অনুরূপ।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ভাবগম্ভীরতা দান করা হয়েছিল। (তাঁকে সকলেই ভয় করত।) ইতোমধ্যে বিলাল রাদিয়াল্লাহু 'আনহু-কে আমাদের পাশ দিয়ে যেতে দেখে বললাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গিয়ে বলুন, 'দরজার কাছে দু'জন মহিলা আপনাকে জিজ্ঞাসা করছে যে, তারা যদি নিজ স্বামী ও তাদের তত্ত্বাবধানে প্রতিপালিত এতীমদের উপর খরচ করে, তাহলে তা সাদকাহ হিসাবে যথেষ্ট হবে কি? আর আমরা কে, সে কথা জানাবেন না।'

তিনি প্রবেশ করে তাঁকে জিজ্ঞেস করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''তারা কে?'' বিলাল রাদিয়াল্লাছ 'আনছ বললেন, 'এক আনসারী মহিলা ও যায়নাব।' তিনি আবার জিজ্ঞেস করলেন, ''কোন্ যায়নাব?'' বিলাল রাদিয়াল্লাছ 'আনছ উত্তর দিলেন, 'আব্দুল্লাহর স্ত্রী।' রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''তাদের জন্য দু'টি সওয়াব রয়েছে, আত্মীয়তার বন্ধন বজায় রাখার সওয়াব এবং সাদকাহ করার সওয়াব।'' (বুখারী-মুসলিম) [1]

English

(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

Zainab Ath-Thaqafiyah (May Allah be pleased with her) the wife of 'Abdullah bin Mas'ud (May Allah be pleased with him) reported:

When Messenger of Allah (ﷺ) told the women that they should give Sadaqah (charity), even if it should be some of their jewellery, I returned to 'Abdullah bin Mas'ud and said, "You are a man who does not possess much, and Messenger of Allah (ﷺ) has commanded us to give Sadaqah. So go and ask him if giving to you will serve the purpose; otherwise, I shall give it to someone else." He asked me that I should better go myself. I went and found a woman of the Ansar at the door of Messenger of Allah (ﷺ), waiting to ask a similar question as mine. The Prophet (ﷺ) was endowed with dignity, and so we could not go in. When Bilal (May Allah be pleased with him) came out to us, we said to him: "Go to Messenger of Allah (ﷺ) and tell him that there are two women at the door who have come to ask him



whether it will serve them to give Sadaqah to their husbands and to orphans who are in their charge, but do not tell him who we are. Bilal (May Allah be pleased with him) went in and asked him, and Messenger of Allah () asked him who the women were. When he told him that they were a woman of the Ansar and Zainab, he asked him which Zainab it was, and when he was told it was the wife of 'Abdullah bin Mas'ud, he () said, "They will have a double reward, one for maintaining the ties of kinship and another for Sadaqah".

[Al-Bukhari and Muslim].

Commentary:

- 1. We learn from this Hadith that a woman can also give Sadaqah and Zakat to her husband, provided he is poor. But its opposite is not permissible. That is to say, a husband cannot pay Zakat to his wife because he is responsible for her maintenance while wife is not obliged to do it for her husband. So, the principle deduced from it is that one who is bound to pay Zakat under the Shari`ah is not permitted to pay it to his dependents.
- 2. In case of need, a woman can go out of her house subject to the condition that she observes the restriction of the veil prescribed by the Shari`ah in this behalf.
- 3) Like men, women should also take, keen interest in religious matters. They should not feel shy of doing it.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৪৬৬, মুসলিম ১০০০, তিরমিয়ী ৬৩৫, নাসায়ী ২৫৮৩, ইবনু মাজাহ ১৮৩৪, আহমাদ ১৫৬৫২, ২৬৫০৮, দারেমী ১৬৫৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়নাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন